

জীবন ও স্বাস্থ্য সুরক্ষায় নিরাপদ খাদ্য

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ
বিএসএল অফিস কমপ্লেক্স, ভবন-০২ (লেভেল-৪,৫,৬)
১১৯ কাজী নজরুল ইসলাম সড়ক, ঢাকা-১০০০।
www.bfsa.gov.bd

স্মারক নং: ১৩.০২.০০০০.১৪১.২৩.০০২.২৩-০১

তারিখ ১৪ মার্চ ২০২৪ খ্রি.

প্রেস রিলিজ

কর্তৃপক্ষের কার্যক্রমকে অর্জন করতে চাই: বিএফএসএ'র নবনিযুক্ত চেয়ারম্যান জাকারিয়া

১৪ মার্চ ২০২৪, বৃহস্পতিবার, ঢাকা:

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষের (বিএফএসএ) নবনিযুক্ত চেয়ারম্যান জনাব জাকারিয়া দায়িত্ব গ্রহণ শেষে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বলেন, "সবার সামর্থ্য অনুসারে অসাধারণভাবে কাজ করার মাধ্যমে এ কর্তৃপক্ষকে অর্জন করতে চাই।"

বৃহস্পতিবার সকাল সাড়ে নয়টায় কর্তৃপক্ষের প্রশিক্ষণ কক্ষে আয়োজিত এ সভায় সভাপতির বক্তব্যে তিনি বলেন, "খাদ্যশস্যের পরিমাণগত (কোয়ালিটি) অর্জন আমরা করেছি। গুণগতমান (কোয়ালিটি) অর্জন করার জন্যই মূলত এ কর্তৃপক্ষ প্রতিষ্ঠা করা হয়েছে।"

তিনি বিদ্যমান সমস্যাসমূহ সমাধানের মাধ্যমে সামনে এগিয়ে যাবার আশাবাদ ব্যক্ত করে বলেন, "নতুন প্রতিষ্ঠানে বিভিন্ন সমস্যা থাকবে। সমস্যাগুলো যথাযথভাবে সমাধানের চেষ্টা করা হবে।"

কর্তৃপক্ষের সাংগঠনিক কাঠামো সংস্কার, পদ সৃজন, আইন সংশোধন, সিপিএফ-জিপিএফ চালুসহ বিভিন্ন বিষয় একাগ্রতার সাথে সমাধানের আশ্বাস প্রদান করেন।

কর্মকর্তা-কর্মচারীদের সময়নিষ্ঠতা বজায় রাখার জন্য, সামর্থ্য অনুসারে অসাধারণভাবে কাজ করার এবং নিয়ম-বহির্ভূত কোনো কাজ না করার নির্দেশনা প্রদান করেন। এছাড়া, সবাইকে সামনে নিয়েই তিনি এ প্রতিষ্ঠানকে গড়ে তোলার আশাবাদ ব্যক্ত করেন। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন বিএফএসএ সচিব (অতিরিক্ত দায়িত্ব) মো: আখতার মামুন।

মতবিনিময় সভায় উপস্থিত ছিলেন কর্তৃপক্ষের সদস্যবৃন্দ যথাক্রমে আবু নূর মোঃ শামসুজ্জামান, নাজমা বেগম, ড. মোহাম্মদ মোস্তফা ও প্রফেসর ড. মোহাম্মদ শোয়েব। এছাড়াও কর্তৃপক্ষের পরিচালক, অতিরিক্ত পরিচালকসহ অন্যান্য উর্ধ্বতন কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।



১৪-০৩-২০২৪

আবুল হাসনাত

পিআরও

বাংলাদেশ নিরাপদ খাদ্য কর্তৃপক্ষ

ফোন: ০১৭১৮২৭৫৭৮৫